মোনাখালী বিদ্যালয়ের ছাদ ঢালাই কাজের উদ্বোধন

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের উদ্যোগে মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নির্মাণাধীন বিল্ডিং এর ছাদ ঢালাই কাজের উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ ওসমান গনি ছাদ ঢালাই উদ্বোধন করেন। এসময় মোনাখালী ইউনিয়নের চেয়ারম্যান মফজুর রহমানসহ স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

- মুজিবনগর প্রতিনিধি

মেহেরপুরে হাতি দিয়ে চাঁদাবাজি

মেহেরপুর শহরের বিভিন্ন হাটবাজারে চলছে হাতি দিয়ে চাঁদাবাজি। মেহেরপুর শহরের হাটবাজারে খোঁজ নিয়ে ব্যবসায়ী ও সংশ্লিষ্টদের কাছে হাতির চাঁদাবাজির কথা জানা যায়।

মেহেরপুর বড় বাজারের ব্যবসায়ীরা বলেন, গতকাল দুপুরের দিকে কাথুলি বাসস্ট্যান্ড এলাকা থেকে শুরু করে প্রধান সড়ক হয়ে কোট মোড় পর্যন্ত প্রতিটি দোকানে একটি বড় হানা দেন।

দোকানপ্রতি কমপক্ষে ১০ টাকা করে আদায় করা হয়। হাতি নিয়ে দোকানের সামনে এসে তারা দাঁড়ান, টাকা না দেওয়া পর্যন্ত সেখান থেকে হাতি সরানো হচ্ছে না। এভাবে টাকা আদায়ের কারণে বিক্রিতেও সমস্যা হচ্ছে।

এক ব্যবসায়ী জানান, শীত আসলেই মাঝে মাঝেই বিভিন্ন এলাকা থেকে হাতি নিয়ে এসে চাঁদা আদায় করা হয়। বিষয়টি দেখার যেন কেউ নেই।

গতকাল দুপুরে মেহেরপুর বড়বাজারে গিয়ে দেখা যায়, বড় একটি হাতির পিঠে বসে একজন হাতিটিকে পরিচালনা করছেন। প্রতিটি দোকান থেকে

হাতি দিয়ে টাকা তোলা হচ্ছে। টাকা না দেওয়া পর্যন্ত দোকান থেকে হাতি সরানো হয় না।

বাজারের দুই ব্যবসায়ী বলেন, এমনিতেই ব্যবসায় মন্দা ভাব তারপর এই হাতি। শীত শুরু হয়েছে প্রায় এ ধরনের অতাচার হবে। বিষয়টি খুবই পীড়াদায়ক।

হাতি পরিচালনাকারী (মাহুত) বলেন, হাতি নিয়ে বিভিন্ন এলাকা থেকে খাবারের জন্য কিছু টাকা নেওয়া হয়।

তবে টাকা নেওয়ার সময় কাউকে জোর করা হয় না। লোকজন স্বেচ্ছায় যা দেয়, তাই নেওয়া হয়।

এবিষয়ে সদর থানার ওসি শাহ দারা বলেন, এভাবে বন্য পশু দিয়ে টাকা আদায় করা ঠিক না। এ বিষয় ব্যবস্থা নেওয়া হবে।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরের গাংনীতে ভ্রাম্যমাণ আদালতে ২ ইটভাটা মালিকের ১ লক্ষ টাকা জরিমানা

মেহেরপুর জেলার গাংনী উপজেলার ধানখোলা গ্রামের পৃথক দুটি ইটভাটায় অভিযান চালিয়ে দুই ভাটার মালিককে এক লাখ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

নিষিদ্ধ ড্রাম চিমনির মাধ্যমে জ্বালানি কাঠ দিয়ে ইট পোড়ানোর অভিযোগে এ জরিমানা করা হয়।
গতকাল বুধবার দুপুরের দিকে মেহেরপুরের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মিথিলা দাস ও এস এম আরাফাত এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা গ্রাম

এলাকায় শামসুজ্জামান এবং মতিয়ার রহমানের ইটভাটায় এ অভিযান চালানো হয়।

এ সময় নিষিদ্ধ ড্রাম চিমনির মাধ্যমে জ্বালানি কাঠ দিয়ে ইট পোড়ানোর অভিযোগে ‘ইট প্রস্তত ও ভাটা স্থাপন আইন ২০১৩-এর ৬ ধারায়’ ইটভাটা মালিক শামসুজ্জামান এবং মতিয়ার রহমানকে ৫০ হাজার টাকা করে মোট এক লাখ টাকা জরিমানা আদায় করা হয়।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে মহান বিজয় দিবস পালনের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

মহান বিজয় দিবস পালন উপলক্ষে মেহেরপুরের গাংনীতে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে গাংনী উপজেলা পরিষদ সভাক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। উপজেলা প্রশাসন সভার আয়োজন করে।

সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান। সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক।প্রধান বক্তা ছিলেন সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, ওসি তদন্ত সাজেদুল ইসলাম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, সাবেক মেয়র আহম্মেদ আলী, জেলা আওয়ামী লীগের সহ সভাপতি সিরাজুল ইসলাম, মুক্তিযোদ্ধা মুনতাজ আলি, আমিরুল ইসলাম, হাবিবুর রহমান,উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম, উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, সাবেক এমপি মকবুল হোসেনের একান্ত সহকারি জেলা ছাত্রলীগের সাবেক সহ সভাপতি সাহিদুজ্জামান শিপু প্রমুখ। এ সময় উপজেলার সকল স্তরের নেতৃস্থানীয় ব্যাক্তিবর্গ ও সাংবাদিকগণ উপস্থিৎ ছিলেন।

- গাংনী প্রতিনিধি

মুজিবনগরে গাঁজা সেবনকারীর তিন মাসের জেল

মুজিবনগরে গাঁজা সেবন অপরাধে বাপ্পি হোসেন(২০) নামের এক জনকে তিন মাসের কারাদন্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। বৃহস্পতিবার সকাল সাড়ে এগারোটার দিকে মোনাখালী ঈদগাহ ময়দানের পাশের বাঁশবাগানের ভিতর তাকে এ সাজা দেওয়া হয়। সাথে ৫০০ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার উসমান গনি। বাপ্পি হোসেন মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের শাহাবুদ্দিন এর ছেলে।

উপজেলা নির্বাহি অফিসার উসমান গণি জানান, বাপ্পি হোসেন গাঁজা খাওয়ার জন্য মোনাখালী ঈদগাহ ময়দানের পাশে বাঁশবাগানের কাছে অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালিয়ে তাকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১)এর ২১ ধারায় এবং মোবাইল কোর্ট আইন ২০০৯ এর বিধান মোতাবেক ৩ মাসের কারাদণ্ড দেওয়া হয়, সাথে ৫০০ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

-মুজিবনগর অফিস

শহীদ ডাঃ মিলন দিবসে কেন্দ্রীয় নেতাদের সাথে মেহেরপুর ছাত্রলীগ ও যুবলীগ নেতা জনির -

শ্রদ্ধা নিবেদন

“শহীদ ডাঃ মিলন দিবসে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের, মিলন চত্বরে কেন্দ্রীয় আওয়ামী যুবলীগের সাথে মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক এবং মেহেরপুর জেলা আওয়ামী যুবলীগ আহ্বায়ক কমিটির অন্যতম সদস্য মিজানুর রহমান জনি র -শ্রদ্ধা নিবেদন করেন।

১৯৯০ সালের এই দিনে স্বৈরাচার পতন আন্দোলনে সাবেক বিএমএ এর যুগ্ম সম্পাদক ডাঃ মিলন কে গুলি করে হত্যা করা হয়।

বাংলাদেশ আওয়ামী যুবলীগের নব নির্বাচিত সাধারণ সম্পাদক আলহাজ্ব মাইনুল হোসেন খান নিখিল এর নেতৃত্বে কেন্দ্রীয় যুবলীগের নেতৃবৃন্দ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল মিলন চত্বরে পুষ্পমাল্য অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে প্রস্তুত হচ্ছে ব্যারেল চিমনির ইটভাটা

মেহেরপুরের বিভিন্ন স্থানে অবৈধ ভাবে ব্যারেল চিমনি দিয়ে ইটভাটা প্রস্তুত করার কাজ চলছে। ইতিমধ্যে ইটকাটা শুরু করেছে ভাটা মালিকরা। ফলে পরিবেশ দুষনের আশংকা দেখা দিচ্ছে। গত বছরই ব্যারেল চিমনির ইটভাটা চুড়ান্তভাবে বন্ধ ঘোষনার পরেও বেশ কিছু ভাটা মালিক ব্যারেল চিমনির ভাটা প্রস্Í◌ুত করছেন।

জেলা প্রশাসন, পরিবেশ অধিদপ্তর ও সাংবাদিকদের ম্যানেজ করার চেষ্টা চালিয়ে যাচ্ছেন ওই সকল ভাটা মালিকরা। যে কোনভাবে চলতি বছর তারা ব্যারেল চিমনির ভাটা চালাতে উঠে পড়ে লেগেছেন।

এদিকে গত বছর মেহেরপুরের বর্তমান জেলা প্রশাসক মো: আতাউল গনি ইটভাটা মালিক সমিতির সাথে মতবিনিময় সভায় বলেছিলেন. মেহেরপুরে হয় ব্যারেল চিমনির ইটভাটা থাকবে, নয়তো আমি ডিসি হিসেবে মেহেরপুরে

থাকবো। কিন্তু এই হুশিয়ারির পরেও ব্যারেল চিমনি ইটভাটা প্রস্ততির কাজ চলছে।

সরেজমিনে দেখা যায়, মেহেরপুর সদর উপজেলার টেংরামারি, টুঙ্গি, কলাইডাঙ্গা, বলিয়ারপুর গ্রামে ব্যারেল চিমনির ইটভাটা প্রস্তুতকরা সহ ইটকাটার কাজ চলছে।

টেংরামারি গ্রামে রবিউল ইসলাম নামের একজন ব্যারেল চিমনির ইটভাটা করেছেন। তিনি মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক।

টুঙ্গিতে আরটিবি নামের ইটভাটা প্রস্তুত করা হচ্ছে । ওই ভাটার মালিক হলেন আব্দুর রাজ্জাক দুদু। কলাইডাঙ্গা গ্রামে এসএসবি নামে ভাটা প্রস্তুত করা হচ্ছে। এই ভাটার মালিক হলেন সেলিম মোল্লা। বলিয়ার পুর গ্রামে টিএসবি নামের ভাটা প্রস্তুত করা হচ্ছে।

সেটির মালিক হলেন সেলিম ও তারিক নামের দুইজন।
এসকল ইটভাটার মালিকরা অভিন্ন ভাষায় সাংবাদিকদের বলেন, এ বছরের মত ব্যারেল চিমনি ভাটার অনুমোদনের জন্য জেলা প্রশাসকের কাছে আবেদন করেছেন।

আগামি বছরে তারা ফিক্সড চিমনি তৈরি করবেন। যদিও খোঁজ নিয়ে জানা গেছে, জেলা প্রশাসকের কাছে এ ধরণের কোন আবেদন করা হয়নি।

এ ব্যাপারে মেহেরপুর জেলা প্রশাসক মো: আতাউল গনি বলেন, ব্যারেল চিমনি ভাটা তৈরির কোন সুযোগ নাই।

তারা জোর করেই এই ভাটা গুলো তৈরি করছেন। এ ব্যাপারে আপনাদের (সাংবাদিকদের) সহযোগীতা চাই। দ্রæত ওই ইটভাটাগুলো বন্ধের ব্যবস্থা গ্রহণ করা হবে।

- নিজস্ব প্রতিবেদক

ইটভাটায় শিশু শ্রমিক

মেহেরপুর সদর উপজেলার টেংরামারি গ্রামে অবৈধ ব্যারেল চিমনির ইটভাটায় শিশূ শ্রমিকদের কাজে লাগানো হয়েছে। স্বল্প খরচের সুযোগ নিয়ে এসকল ভাটা মালিকারা কোমলমতি শিশুদের দিয়ে ঝুকিপূর্ণ এসব কাজ করিয়ে নিচ্ছেন।

সোমবার সরেজমিনে গিয়ে দেখা যায়, টেংরামারি গ্রামের রবিউল ইসলামের ব্যালের চিমনির ইটভাটায় তিন স্কুল ছাত্রকে দিয়ে ইট সাজানোর কাজ করানো হচ্ছে। এদের মধ্যে আরিফ, সজিব ও সাফিন নামের তিন প্রাইমারী স্কুল ছাত্র এ কাজ করছে। এদের মধ্যে আরিফ প্রথম শ্রেণীতে এবং সজিব ও সাফিন পঞ্চম শ্রেণীর ছাত্র।

তারা জানায়, স্কুলে যাওয়ার আগে ভোর বেলা থেকে তারা ভাটায় ইট সাজানোর কাজ করে। তিন চার ঘন্টা কাজ করে । তারা পারিশ্রামিক হিসেবে পায় ১০ থেকে ১৫ টাকা প্রতি জন।
ভাটা মালিক রবিউল ইসলাম বলেন, ওরা মিষ্টি খাওয়ার জন্য নিজের ইচ্ছায় এই কাজ করে।

- নিজস্ব প্রতিবেদক

“ঐতিহাসিক মেহেরপুর মুজিবনগর” এর উদ্যোগে কম্বল বিতরণ

সামাজিক ও ফেসবুক সংগঠন “ঐতিহাসিক মেহেরপুর মুজিবনগর” গ্রুপের পক্ষ থেকে গত কাল রাতে শহরের বিভিন্ন স্থানে খুঁজে খুঁজে অসহায় ও মানসিক প্রতিবন্ধীদের মাঝে কম্বল ও খাবার বিতরণ।

এর আগে গত শুক্রবার গ্রুপের পক্ষ থেকে ১ টি নতুন সাউন্ড সিস্টেম ইন্তেবাহুল উম্মাহ মাদ্রাসায় প্রদান করা হয়।

এসময় উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি মো: কামরুজ্জমান পলাশ, সহ-সভাপতি মো: হোসেন খাঁন রিপন, সাধারণ সম্পাদক রাব্বি আহমেদ ইমন,

সহ-সাধারণ সম্পাদক মাহবুবউর রহমান নয়ন, সাংগঠনিক সম্পাদক তারিকুল ইসলাম রাজিব, সহ-সাংগঠনিক সম্পাদক মাহাবুব জামান সোহাগ, কোষাধাক্ষ আবির, দপ্তর সম্পাদক- রিপন, সুজন, সজিব, সিজান, লিটন সহ অন্যান্য সদস্যবৃন্দ।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর ফুটবল এসোসিয়েশনের নির্বাচনে সভাপতি হলেন আতাউল হাকিম লাল মিয়া

মেহেরপুর জেলা ফুটবল এসোসিয়েশনের চতুর্থ বার্ষিক নির্বাচনে সভাপতি সহ সকল প্রার্থী বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত হয়েছেন।

গতকাল মঙ্গলবার সকাল ১১ টার দিকে নির্বাচন কমিশনার নুরুল আহমেদ বিনা প্রতিদ্বন্দীতায় নির্বাচিত সদস্যদের নাম ঘোষণা করেন।

এ নির্বাচন ১৩ টি পদের বিপরীতে ১৫ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দেয়। মনোনয়নপত্রের জমাদানের শেষ দিনে ২জন প্রার্থী তাদের মনোনয়নপত্র প্রত্যাহার করে নিলে সবকটি পদে একক প্রার্থী হিসেবে থাকে। যে কারণে নির্বাচনের কোনো প্রয়োজন পড়েনি।

বিনা প্রতিদ্বন্দীতায় নির্বাচিত সভাপতি সহ ১৩ জনের নাম ঘোষণা করেন। সভাপতি হলেন কে এম আতাউল হাকিম লাল মিয়া, সহ-সভাপতি পদে জিয়াউদ্দিন বিশ্বাস ও আতর আলী, কোষাধ্যক্ষ পদে সৈয়দ এহসানুল কবির আরিফ, সদস্য পদে আনোয়ারুল হক শাহী, শাহিনুর রহমান রিটন, সোহেল রানা সবুজ, শহিদুল ইসলাম, অ্যাড. কাজী শহীদুল হক, মোস্তাফিজুর রহমান, ওমর ফারুক, আনারুল ইসলাম, লতিফন নেছা লতা।

- নিজস্ব প্রতিনিধি